দিগন্ত

Bangiya Antariksha Sanskritik Samiti

2025

ZAIRA
DIAMOND
God Created Diamonds We Sculpted Them With Soul
Own Real Diamond Jewellery
With
EASY
INSTALLMENT
PLANS
CONNECT TODAY TO OUR
AHMEDABAD SHOWROOM
08866446555
Luxury
Meets
Affordability

বঙ্গীয় অন্তরীক্ষ
সাংস্কৃতিক সমিতি

Bangiya Antariksha Sanskritik Samiti (BASS) blends Bengali culture with the spirit of space exploration. Our organising team includes scientists from ISRO & PRL and community members.

Shubho Sharodiya!

It is indeed a moment of great pleasure for me writing this note of invocation for Devi Durga through the maiden edition of the souvenir of Bongiya Antariksha Sanskritik Samiti (BASS) as a part of the very first celebration of Durga Puja by the Samiti. It is not only a religious celebration, but also a colourful demonstration of a culture which is so primordial of quintessential Bengali ethos.

More than thousand miles away from our home, we, the uprooted Bengalis, crave for the festivities during this time of the year. Though here in Gujarat, the concurrent celebration of Navratri partly quenches our thirst, but the very sunlight of autumn makes us nostalgic and reminds us of the drum ('dhak' for the Bengalis) beats, of the Shefalis and the Kash phools.

There are much bigger Bengali associations in the nearby areas where Puja is celebrated majestically and we are very much part of these celebrations. But still it was a long-cherished dream of ours to have the opportunity of welcoming our own Durga ma among us, to our own house, the SAC Vikram Nagar Colony in this case.

We, the Bengalis and our friends from other eastern states who are associated with the Space related activities, have been celebrating Saraswati puja in Satellite area since over past forty years or so. But we never dared to even think about the herculean task of celebrating the Durga puja on our own, with all its required elaborate arrangements for all the five days. So, initially many apprehensions came to our minds when the core members of the organizing committee came with the proposal of having a separate puja celebration. But because of the infectious enthusiasm of this team, within no time the fervour gained such a momentum that nothing looked impossible. Probably with the experience of handling much bigger projects in official capacity, the team made everything possible within a very short time. The entire event was planned meticulously with effective use of the social media platforms and even the process of collecting donations was done online, kudos to the tech-savvy team!

To conclude, it is a commendable team effort that has finally culminated in to the success. For an event of this scale, teething problems are bound to come. Let us keep our spirits high and continue to work together with the same zeal and zest and hope that with the divine blessings of maa Durga, the celebration will be a memorable one.

Best regards,

Sumitesh Sarkar

When on a rain-soaked afternoon of late July, about a couple of months back, Prantik, Koushik and Moumita walked into my room to announce their intention to organize Durga Puja this year, I was sort of taken aback. The news itself, like a sudden flash, came almost out of nowhere. A strange feeling of nervous anticipation mixed with an unmistakable sense of joy swept through me. My first reaction was, are we even aware what are we getting into? Organizing Saraswati Puja which, the Bengali Space Community of SAC and PRL do religiously every year, is one thing. But, organizing Durga Puja (or Pujo, as the Bengalis would say), which is a much more elaborate and enduring event, is surely a different cup of chaa. I am so happy and, in a way, re-assured to know that the preparations are in full swing. The young and energetic scientists and engineers from our Space community have taken it upon themselves to plan and execute this mammoth ceremonial event so meticulously, as they would do for a very important Space project. Each and every aspect and the minutest of details have been carefully addressed and attended to. That, even the sponsorships, an iffy part in this whole arrangement, have been secured in a reasonably satisfactory manner, speaks volume about the determined efforts made by the organizing team. There is no doubt in my mind that the Durga Puja celebrations this year – a first of its kind mega event of this magnitude and proportions will be a watershed moment in the socio-cultural and religious annals of SAC, PRL and associated entities. By the time these thoughts are put in print and the first copies of the Souvenir are in your hands, the fragrance, colours and sounds of Pujo would have spread all around filling your hearts with celebratory joy and ethereal light.

I take this opportunity to wish each one of you 'Shubho Durga Pujo' (Happy Durga Puja). May your life be filled with happiness, peace and prosperity with the blessings of Maa Durga.

Best regards

Somya Sarkar

I still remember the first Durga Puja celebration that I attended here in Ahmedabad just after joining SAC during 1987. Finding the venue of Durga Puja those days was not easy for us because we were too new in this city, not even knowing most of our senior Bengalis in the office. Celebration of Saraswati Puja in the year 1988, of course, gave us the opportunities to know all our senior Bengali colleagues. Although, we organize and celebrate Saraswati Puja every year, it has taken almost four decades to bring our dream of organizing and celebrating Durga Puja of our own into reality - a very first celebration of Durga Puja being organized by us.

It has been indeed a very proud moment for me to write this note on the occasion of our maiden edition of the souvenir of Bongiyo Antarikha Sanskritik Samniti. Durga Puja is not just a festival restricted within Bengali communities, this is a major cultural and social event in India, symbolizing the victory of good over evil and the celebration of life. Its common themes are to bring communities together, transcending social and religious barriers to promote unity in diversity. When the idea of celebrating five day long Durga Puja was conceived only about two months ago, I was slightly hesitant. But the enthusiasm and meticulous planning that was tabled and discussed, I had no doubt about the abilities of our new generation professionals who are excelling in their own fields of Space Search and Technologies.

Finally, let us celebrate the festival of Durga Puja with all our enthusiasm, leaving aside few lapses, that might arise while organizing the event of this magnitude and pray to Debi Durga showers her blessings upon us.

With Best Regards

Debajyoti Dhar

সম্পাদকীয়



বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাসে ব্রহ্মচারী মহেন্দ্রকে 'মা'র তিনটি রূপ দেখিয়েছিলেন। "মা যা ছিলেন" - তিনি "সর্বাভরণভূষিতা জগদ্ধাত্রী মূর্তি"। "মা যা হইয়াছেন" - তিনি "অন্ধকারসমাচ্ছান্না কালীমূর্তি"। আর "মা যা হইবেন" - তিনি "জ্যোতির্ময়ী দশভূজা"। এখানে মা মাতৃভূমিরও প্রতিরূপ। অনুষঙ্গ ছিল সন্ন্যাসী বিদ্রোহের সমকালীন বাঙলা বা মাতৃভূমির অবস্থা। আমার মনে হয় শুধু সেই সময়ে নয়, মা দুর্গার এই রূপটি চিরকালীন - " মা যা হইবেন" - একটা চিরন্তন আশার আলো। আজকের অন্ধকার থেকে আগামীর আলোয় উত্তরণের আশা। যেমনটি বলা হয়েছে উপনিষদে- "অসতোমা সদগময়, তমোসমা জ্যোতির্গময়, মৃত্যোর্মা অমৃতং গময়"। "মা আসছেন" - এই ভাবটাই যেন গড়পড়তা বাঙালীর নিস্পন্দ জীবনে একটা আনন্দের ঢেউ নিয়ে আসে। সারা বছরের সব দুঃখ, হতাশা, অপরিপূর্ণতা ঘুচিয়ে জগতের এই আনন্দযজ্ঞে তাই সবার নিমন্ত্রণ।

পুরাণে মা দুর্গাকে অসুরদলনী রূপে বর্ণনা করা হয়েছে। ষোলজন সেনাপতি সমেত মহিষাসুর এবং তারও পরে চণ্ড-মুণ্ড, শুম্ভ-নিশুম্ভ ও তাদের অজস্র দৈত্যসেনাকে বধ করেন দেবী। নানা রূপ ধারণ করে, নানা রকমের শক্তি ও অস্ত্র প্রয়োগ করে। এইসব অসুর চিরকালই নানা রূপে রয়েছে - আমাদের মধ্যে, পারিপার্শ্বিকে, সমাজে, দেশে আর গোটা পৃথিবীতে। এদের প্রকোপ থেকে রক্ষা পাওয়ার আকুতিই হল মায়ের বন্দনা। আর তার সাথে নিজের ছোটো আমি-কে মায়ের পায়ে সমর্পণ করে বড় আমি-কে পাওয়ার বাসনা। "প্রতিদিন মানুষ ক্ষুদ্র দীন, কিন্তু উৎসবের দিনে বৃহত"- ছোটবেলায় পড়া বলেন্দ্রনাথ ঠাকুরের এই লাইনের মানে কিছুটা উপলব্ধি করি এখন।

বাঙালীর দুর্গাপূজোর ঐতিহ্যের একটি বড় অংশ জুড়ে আছে আগমনী আর বিজয়ার গান। আমাদের ঘরের মেয়ে 'উমা'র বছরে একবার কয়েকদিনের জন্য বাপের বাড়ি এসে আবার পতিগৃহে ফিরে যাওয়া - আনন্দ আর বিষাদের সমাপতন। এই অনুষঙ্গটা হয়ত আজকের বিশ্বায়ন আর কম্যুনিকেশনের যুগে কিছুটা প্রাসঙ্গিকতা হারিয়েছে। তবুও আমরা, যারা কর্মসূত্রে ঘরছাড়া, এখন বিভুঁই-ই ঘর, তারা এই শারদীয়ায় শিকড়ের টান অনুভব করি। বাঙলার উৎসব ও সংস্কৃতিকে চোখে হারানো আর মনে হারানোর আক্ষেপ থেকেই দুর্গাপূজো করার তাগিদ আরও বেশি করে জেগে ওঠে। বিশেষত, পরের প্রজন্মের হাতে আমাদের সংস্কৃতির উত্তরাধিকার কিছুটা অন্তত তুলে দেওয়ার তাগিদ।

আমার ছেলেবেলার শহর চন্দননগরে দুর্গাপূজোর প্রচলন কম ছিল, জগদ্ধাত্রীপূজা বিখ্যাত। দুর্গাপূজোর সময় বাবা'র মামা'র বাড়ি পূজো দেখতে যেতাম। তখনই মনে হত, যদি আমার একটা ঠাকুরদালান থাকত, পূজো করতাম। সহকর্মী বন্ধু কৌশিক যখন প্রথম পূজো করার প্রস্তাব দিল, তখন আমাদের দু'জনেরই অনেকদিনের ইচ্ছের যেন অনুরণন হল। তারপর আরও অনেকের সুপ্ত বা ঘনীভূত বা আবিষ্ট ইচ্ছে মিলে গিয়ে সেই অনুরণন অনুনাদ হয়ে উঠল। ইন্দ্রাণী দি, তনুশ্রী, সৃজিতা-রণজিত, মৌমিতাদি-গৌতমদা, সায়ন্তী-অভ্রীশ, ইন্দ্রনীল, সুমন, অনন্য, অয়ন, সস্মিতাদি, সুদীপ্তা ,উজ্জ্বল এবং আরও অনেকে। আমাদের সিনিয়ররাও প্রচুর উৎসাহ দিয়েছেন। তাঁদের প্রতি আমাদের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা।

যে মহাকাশ কবি'র কল্পনা, শিল্পী'র ক্যান্‌ভাস আর ধার্মিকের স্বর্গ, সেই মহাকাশ আমাদের কর্মক্ষেত্র। সেই কল্পিত স্বর্গলোক থেকে দেবী যখন মর্ত্যে আসেন তখন আমাদের মহাকাশধর্ম দুর্গাপূজার ট্র্যাডিশনে সম্পৃক্ত হয়ে বর্ণময়

হয়ে ওঠে। বিজ্ঞানচেতনা আর ঐতিহ্যের মিশেল - এই আমাদের প্রথম পূজোর থীম। আনন্দের বিষয় এই যে আমাদের বহু অবাঙালী বন্ধুবান্ধবও সমোৎসাহে পূজোয় যোগ দিচ্ছেন।

আমাদের পূজোর উদ্যোগ শুরু হয়েছিল জুলাই শেষের এক বর্ষার সন্ধ্যায় - অনেকটা উদ্দীপনা, কিছুটা হুজুগ আর একরাশ অনিশ্চয়তা নিয়ে। অনিশ্চয়তার কারণ অনেক - প্রথমতঃ টাকাপয়সা, দ্বিতীয়তঃ অফিসের দায়িত্ব সামলে সময় বের করা, আর তৃতীয়তঃ কেজো লোকের সংখ্যা। আমরা ঠিক করলাম যে এই অনিশ্চয়তাগুলো প্রথমেই মেরে ফেলতে হবে একটা প্রবল নিশ্চয়তা দিয়ে। সেই সন্ধ্যায় একটা ছোট মিটিং করে মোটামুটি ব্যায়ের হিসেব আর আয়ের আন্দাজ নিয়ে পরের দিনই মণিনগরে গিয়ে মূর্তির অর্ডার দিয়ে দিলাম। মাত্র দু'মাস সময় ছিল হাতে, কেউ রাজি হচ্ছিল না। মণিনগরের মনোহর কুণ্ডু অপেক্ষাকৃত অল্প খরচে মূর্তি গড়তে রাজি হলেন, মূর্তির ছবি দেখে পছন্দও হল খুব। মণিনগরেরেই পুরোহিতমশাই রাধাকৃষ্ণবাবুর ছেলে আর এক আত্মীয়কে পৌরহিত্যের দায়িত্ব দেওয়া হল। আর বাঙলা থেকে এক ঢাকীকে বায়না করা হল। সেইদিনই বিক্রমনগরের কম্যুনিটি হলে পূজো করার সম্মতি দিলেন SAC-এর নির্দেশক। সেইদিন সন্ধ্যায় SAC-এর বাঙালীমহল জানতে পারল যে পূজো হচ্ছে। আর সন্দেহের অবকাশ রইল না।

এরপরের কাজ ছিল ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা। সেই জন্য একপ্রকার নিয়মের খাতিরেই গঠিত হল 'বঙ্গীয় অন্তরীক্ষ সাংস্কৃতিক সমিতি (সংক্ষেপে BASS)'। গোড়ার উদ্যোগীরাই হলেন সমিতির সদস্য। ক্রমশ BASS-এর ছাতার তলায় আমরা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ শুরু করলাম। তৈরি হল সমিতির লোগো, পূজোর ব্যানার, আমন্ত্রণের কার্ড আর স্যুভেনির। আমাদের মহাকাশকর্মীরা কেউ শিল্পী, কেউ কবি, কেউ লেখক। তাঁদের প্রতিভার রঙধনুর ছটা ছড়িয়ে রইল এই লোগো, ব্যানার, আমন্ত্রণের কার্ড আর স্যুভেনির-এ, এমনকি কম্যুনিটি হলের ভিতরের সাজসজ্জায়। প্রথম প্রচেষ্টাকে স্মরণীয় করে রাখার একটা তাগিদ ছিল সবার মধ্যেই।

পূজোর খরচ তোলার জন্য আমরা SAC ও PRL-র বাঙালীদের আহ্বান করলাম পূজোর এককেটি অংশের দায়িত্ব নিতে - যেমন প্রতিমা, সাজসজ্জা, পূজোর ফুল, ফল-মিস্টি, পূজো সামগ্রী, প্রতিদিনের ভোগপ্রসাদ ইত্যাদি। সকলেই যেভাবে হাত খুলে এগিয়ে এলেন, আমরা অভিভূত হলাম। যাঁরা প্রথমদিকে এই কর্মযজ্ঞ পাশ থেকে দেখছিলেন, তাঁরাও এর অমোঘ টানে মূলস্রোতে ভিড়লেন। বেশ কিছু স্পন্সরশীপও জোগাড় করা গেল। প্রথম পূজোর নিরিখে সংখ্যাটি নেহাত কম নয়। তাঁদের সকলের কাছে আমরা কৃতজ্ঞ। অর্থের সংস্থান যখন খানিকটা হল, তখন প্রয়োজনীয়র সাথে আমরা অলঙ্কারও জুড়তে লাগলাম - যেমন হলের ভেতরের সাজসজ্জা, বাইরের গেট, সান্ধ্য অনুষ্ঠান ও উদ্ঘাটন সমারোহ। তবে সব ব্যাপারেই খরচ কমাতে কোনো কন্ট্র্যাক্ট না দিয়ে প্রায় সব কাজ, কেনাকাটা, এমনকি চারদিনের ভোগের আয়োজনও আমাদের নিজেদেরই করতে হয়েছে। সেই অভিজ্ঞতার আনন্দও আমাদের বিশেষ প্রাপ্তি।

এখন লিখতে বসে যখন ভাবছি এত কাজ দু'মাসে আমরা করলাম কি'করে, তখন রামপ্রসাদের সেই লাইনগুলি মনের মধ্যে বাজছে-

"আমি যন্ত্র, তুমি যন্ত্রী
আমি ঘর, তুমি ঘরনী
আমি রথ, তুমি রথী
যেমন চালাও, তেমনি চলি।"

মা'র ইচ্ছেটাই আমাদের সকলের সম্মিলিত ইচ্ছে হয়ে প্রকাশ পেয়েছে। মা আমাদের দিয়ে সব আয়োজন করিয়ে নিলেন। এখন মনে এই আশা আর আশ্বাস, পূজোর দিনগুলো হই হই করে কাটুক, পূজো নির্বিঘ্নে নিষ্পন্ন হোক। আমরা বিপুল আনন্দতরঙ্গে উদ্বেলিত হই।

-- *প্রান্তিক চক্রবর্তী*

Bangiya Antariksha Sanskritik Samiti

CHIEF PATRONS

Shri. Sumitesh Sarkar
Shri. Somya S Sarkar
Shri. Debajyoti Dhar

PATRONS

Shri. Kalyan Bandyopadhyay
Shri. Kanti Lal Majumdar
Shri. Devashish Goswami
Smt. Krishna Mukhopadhyay
Shri. Arup Dasgupta

Shri Santanu Chowdhury
Shri. Abhijit Sarkar
Smt. Jolly Dhar
Smt. Saswati Bhattacharya
Smt. Ashoka Ghosh

Shri Prasenjit Dhar
Smt. Srubabati Goswami
Shri. Arup Hait
Smt. Mishtimita Roychowdhury
Smt. Mitali Sarkar

EXECUTIVE COMMITTEE

President
Shri Prantik Chakraborty

Vice President
Smt. Indrani Choudhury Singh

Secretary
Smt. Moumita Dutta

Joint Secretary
Shri. Ranajit Dey

Treasurer
Shri. Koushik Basak

Joint Treasurer
Shri. Atrish Mukherjee

Members

Smt. Tanushree Basak
Shri. Indranil Misra
Shri. Suman Aich

Shri. Ayan Das
Shri. Ananya Ray
Shri. Ujjal Halder

Smt. Sreejita Dey
Shri. Goutam Samanta
Smt. Sasmita Chaurasia
Shri. Arnab Nath

Table of

CONTENTS

1 ARTICLES: BENGALI

POEMS 15

23 PAINTINGS

ARTICLES: ENGLISH 26

33 RECIPES

Front page painting: *Abhijit Chatterjee*

Editorial Committee

Ayan Das *Indrani Choudhury Singh*

Indranil Misra *Sasmita Chaurasia*

ISRO-PRL সরস্বতী পুজোর আদিকাণ্ড

কল্যাণ বন্দ্যোপাধ্যায়



"এই কল্যাণ, সেতারটা ধর আমি বাক্সটা নামাচ্ছি"।

"আগে সরস্বতী পুজোর চাঁদা দে, নইলে প্ল্যাটফর্ম এ নামতে দেব না, এই train এই কলকাতায় ফিরে যা", প্ল্যাটফর্ম থেকে কালি চেঁচিয়ে উঠল। কালি হল কল্যাণ সেনগুপ্ত, যাদবপুরে আমার ক্লাসমেট।

আটই জানুয়ারি 1972, শনিবার সন্ধে বেলা আমেদাবাদ স্টেশনের দু নম্বর প্ল্যাটফর্ম এ সৌরাস্ট্র এক্সপ্রেস এর last bogie, বিরামগাম কোচ। ISRO তে জয়েন করতে এসে আমার প্রথম অভ্যর্থনা।

তখন সরস্বতী পূজোর আর বারো দিন বাকি। গত বছর ISRO-PRL এর (তখনও SAC তৈরী হয়নি) প্রথম পূজো হয়েছিল PRL এর দত্তদার বাড়ীতে। দত্তদা বদলি হয়ে গেছেন ব্যাঙ্গালোরে। তাই এবার প্রফেসরস্ কলোনীতে একটা খালি বাড়ীর গ্যারেজে পূজো হবে। সন্তোষ সাহা কলোনীর সেক্রেটারীকে বলে রাজি করিয়েছে।

সন্তোষ সাহা ছিলেন আমেদাবাদের বাঙালীদের খবরদার। অমায়িক লোক, গল্প করতে শুরু করলে থামতে পারতেন না। রোজ, আগের দিনের আনন্দবাজার, দেশ পত্রিকা সব বাড়ী বাড়ী পৌঁছিয়ে দিতেন আর জমিয়ে গল্প করতেন। আমেদাবাদ তখন একটা বড়সড় মফঃস্বল শহর, কটাই বা বাঙালী? সকলের খবর সবাই পেয়ে যেত সন্তোষ সাহার কাছে। তাই উনি ছিলেন খবরদার।

ডেকোরেশন, প্রতিমা, পূজোর জোগাড়, চাঁদা তোলা - সে এক হই চই ব্যাপার - একেবারে মেতে গেলাম। সরস্বতী পূজো ISRO তে আমার প্রথম project.

কয়েক বছর ওখানেই পূজো হয়েছিল। তখনকার দিনে পূজোর তোড়জোড় বেশ কয়েকমাস আগে থেকে শুরু করা হত। বেশ কয়েকবার মিটিং হত। মিটিং টা আনুষাঙ্গিক, জমিয়ে আড্ডা আর খাওয়াটাই আসল ছিল।

কিন্তু আমরা ত ক'জন আঙুলে গোনা যায়। আর সবাই ব্যচেলার। ভাল মত নতুন কে আর রান্না করবে। তাই নবরংপুরার কাকু-জেঠুদের বাড়ীতে হানা দিতাম। স্বাভাবিকভাবেই যেসব কাকীমা-জেঠিমারা খাওয়াতে ভালবাসেন এবং সুন্দরী কন্যাদের জননী সেসব বাড়ীতে ঘনঘন মিটিং হত। কাকু-জেঠুদের নামও ছিল মজার - যে যেখানে কাজ করতেন সেই সেই industry দিয়ে। যেমন সাইকেল দাস কাকু কাজ করতেন হীরো সাইকেল এ, পেপার চ্যাটার্জি ছিলেন পেপার মিল এ, এইরকম।

অফিসে কাজ করছি, দীপু এসে বসল সামনে। বললাম "এ কি রে, তুই কোথা থেকে?" দীপু বলল, "আজ তোদের অফিসে জয়েন করলাম"। দীপু হল দীপেন দে, দেওঘর বিদ্যাপীঠের আমার হাফ প্যান্টের বন্ধু, আই আই টি কানপুরের মেকানিকাল ইন্জীনিয়ার। দীপুর আঁকার হাত খুব ভাল ছিল। আমাদের পূজোর সব ডেকোরেশন দীপু আর দীপ্তিদি করত।

সেই স্কুলের সময় থেকে আমাদের সকলের মনে আছে, সরস্বতী পূজোর আগের রাত সবচেয়ে exciting আর thrilling. সারারাত জেগে প্যান্ডেল সাজানো, ভোরে গিয়ে ফুল চুরি, প্রায় সবই এখানেও ছিল। নিয়মমত সকালে অঞ্জলি, দুপুরে খাওয়া আর সেই দিনই

সন্ধে বেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান হত - নাচ, গান, আবৃত্তি, PRL এর হিমাংশু মজুমদার ম্যাজিক দেখাত। পরের দিন সকালে দধিকর্মা। বিকেলে আমরা রিক্সা নিয়ে শুকনো সবরমতী নদীর ধার দিয়ে চলতে থাকতাম একটু ঠাকুর ডোবানোর মত জলের খোঁজে।

ওই বয়সে সবকিছুতেই চিরাচরিত রাস্তা ভেঙে একটা নতুন কিছু করার প্রবণতা থাকে। পরের বছর পূজোর দুমাস আগে একদিন সুভাস ভৌমিক বলল, "চল, এবার আমরা কারো বাড়ীতে মিটিং না করে পিকনিক-মিটিং করি, আর মিটিং হবে পূর্ণিমার রাত বারোটার সময় দূরদর্শন টি ভি টাওয়ার এর পাশের আমবগানে। জায়গাটা এখন চাপা পড়ে গেছে। সাল হসপিটালের কাছে যে মাঠে আগে বেঙ্গলীক্লাবের দূর্গা

SAC-PRL এর তৃতীয় সরস্বতী পূজো 1973. তখন নাম ছিল বহুরুপী শিল্পী সঙ্ঘ। ডেকোরেশন দীপেন দে আর দীপ্তি রাস্তগী।

পূজো হত, তার পাশে। খুঁজলে হয়ত এখনও দু তিনটে আম গাছ দেখা যাবে।

পূর্ণিমার রাতে পিকনিক একটা দারুন ব্যাপার। তখন সাল হসপিটাল, গুরুকুল রোড, ড্রাইভ ইন থিয়েটার কিছুই ছিল না। শহরের শেষ সীমা ছিল সীমাসোসাইটি, সেনট্ জেভিয়ারস্ লয়লা হলের কাছে। অন্ধকার, নির্জন সরু রাস্তা দিয়ে একটা স্কুটার, একটা বাইক আর গোটা কয়েক সাইকেলে করে আমরা ক'জন হাজির হলাম আমবাগানে। ফুটফুটে জ্যোৎস্না, মাথার ওপরে কাঁসার থালার মত চাঁদ, আমগাছের ছায়া গাছের গুঁড়ির কাছে গুটিয়ে আছে, প্রাণখুলে গলা ছেড়ে গান, পাঁঠার মাংসের ঝোল আর ভাত - এরকম জমাটি পিকনিক ভাবা যায়? তা' বেশ কয়েকবার আমবাগানে প্রাক্ সরস্বতীপূজোর পিকনিক হয়েছিল। তবে রান্না করার সুবিধে হবে বলে পরের দিকে দিনের বেলায় করা হত। পিকনিক আরও অনেক জায়গায় হয়েছে। বিক্রমনগরের জমিতেও construction শুরু হবার আগে একবার পিকনিক করা হয়েছিল।

ঠিক হল, পঁচিশে বৈশাখে একটা অনুষ্ঠান করা যাক। PRL Guest House এর লনে অনুষ্ঠান হল। নাচ, গান, আবৃত্তি ত ছিলই, সবচেয়ে অবাক লেগেছিল PRL এর Dr. অভিজিত সেন পনের-কুড়ি মিনিট ধরে বললেন রবীন্দ্রনাথ সম্বন্ধে, একটাও ইংরেজী শব্দ ব্যবহার না করে। অথচ উনি born & brought up in Ahmedabad আর গুজরাটি বউ।

বাঙালির ছেলে ফুটবল না খেললে চলে? একটা টীম তৈরী হল। দিলীপ ধর, সৌরী সেনগুপ্ত, নরেন সেনগুপ্ত আরো অনেকে মিলে রোজ খেলতাম। শুধু বল পেটালে কি মজা আছে? ম্যাচ খেলতে হবে। এক রবিবার মনিনগরের টিমকে রেল কলোনীর মাঠে খেলে এক গোলে হারিয়ে নাচতে নাচতে ফিরে এলাম।

একবার প্রতিমার অর্ডার দিতে দুজন মনিনগরে গেল। সুভাস ভৌমিক মহা ফাজিল ছেলে। ফিরে এসে বলল, "অর্ডার দিয়ে বেরিয়ে আসবার সময় দাদাকে বলে এলাম বৌদিকে কদিনের জন্যে বাপের বাড়ী পাঠিয়ে দিন।" আমি বললাম, "সে কি, কেন?"



SAC-PRL এর সরস্বতী পূজো 1976. প্রতিমার দুপাশে ডানদিক থেকে বাঁ দিকে দাঁড়িয়ে দীপেন রায়, নরেন সেনগুপ্ত, প্রিয়রঞ্জন দাসগুপ্ত, সুপ্রিয় দাস, কঙ্কর দাশগুপ্ত, তাপস চক্রবর্তী। ডানদিক থেকে বাঁ দিকে বসে মীনা রায়, রচনা দাস, কল্যাণ বন্দ্যোপাধ্যায়, দীপ্তি রাস্তগী, তাপসের স্ত্রী (sorry, নাম ভুলে গেছি)।

ভৌমিক বলল, "বৌদির মুখখানা ত দেখিস নি, আমাদের সরস্বতী ঠাকুরের মুখ যদি ওই রকম বানিয়ে ফেলে!"

একটা নাম ত দিতে হয়। নাম হল বহুরূপী শিল্পী সঙ্ঘ। ঐ নামে চাঁদার বই ছাপা হল। বেশ কিছুদিন নামটা ছিল। সেই নামটা কবে যেন হারিয়ে গেল।

একটা নাটক না হলে জমছে না। বারবার রিহার্সাল হবে, তার সঙ্গে আড্ডা আর জমিয়ে চা, কফি, শিঙাড়া, কচুরি বা গুজরাতী ফরসান - সেই জন্যেই ত নাটক। আর আড্ডা মানেই পলিটিক্স, boss, নেতা, অভিনেতাদের নিয়ে পি এন পি সি।

ঠিক হল "চিরকুমার সভা" করা হবে। ছেলেদের পার্টগুলো ঠিক হয়ে গেল কিন্তু নারীচরিত্র? তখন এক দীপ্তিদি ছাড়া SAC এ আর বাঙালী Lady কেউ নেই। আমাদের কারো তখন বিয়েই হয়নি যে বউদের নাটকে নিয়ে নেব।

সুতরাং নবরংপুরার কাকিমাদের বাড়ীতে আবার যাতায়াত শুরু হল। কাকিমারা খুব উৎসাহী। সেই সময় নবরংপুরার আকাসিয়া ফ্ল্যাটে বেঙ্গলী ক্লাবের হর্তাকর্তারা অনেকে থাকতেন। একেবারে বেঙ্গলী ক্লাবের অন্দরমহলে সাংস্কৃতিক হানা ! ওখানে রটে গেল - কয়েকটা ISRO র ব্যাচেলার ছেলে নবরংপুরায় মেস করে থাকে। তারা একটা ক্লাব করেছে, সরস্বতী পূজো করছে, নাটক করছে, এবার বোধহয় দূর্গা পূজোও শুরু করতে পারে। বেঙ্গলী ক্লাবের প্রেস্টিজে আঘাত। সুতরাং আমাদের ডাকা হল।

তখন শ্রেয়স স্কুলে খুব ঘটা করে বছরে একবার সাংস্কৃতিক উৎসব হত। এক একটা প্রদেশের সাংস্কৃতিক প্রদর্শন। একবার ডাণ্ড্ দরবার, একবার বাঙলা মেলা, এইরকম। সেবার আমরাও গেছি। সেখানে আমাদের ডাক পড়ল। “জগু গাঙ্গুলি তোদের ডাকছে”। জগু গাঙ্গুলি বেঙ্গলী ক্লাবের একজন বিধাতা। ইয়া দসাশই চেহারা, সাদা পাকানো গোঁফ, হাতে লাঠি। ভারি গলায় বললেন "আমাকে চেনো? আমার নাম জগু গাঙ্গুলি। আমি আমেদাবাদের দারোয়ান। স্টেশনে কোন বাঙালী নামলে আমি খবর পাই। তোমরা আবার আলাদা ক্লাব করছ শুনলাম। তার দরকার কি? যা করবার বেঙ্গলী ক্লাবে এসে করবে।”

নাটক ভেস্তে গেল। কিন্তু সেবার দূর্গাপূজোর বেঙ্গলী ক্লাবের ফাংশানে PRL এর বুড়োদা মানে ব্যানার্জীদা সোলো গানের চান্স পেয়ে

গেল। অবশ্য বুড়োদা গাইত ভাল, দরাজ গলা। আমরা দল বেঁধে গিয়ে খুব হাততালি মারলাম।

1974 এ নবনির্মান আন্দোলন। গুজরাত তোলপাড়। আমেদাবাদে কারফিউ। কোন কোন জায়গায় shoot at sight order, পুরুত আসবে কি করে? এবার কি পূজো বন্ধ রাখতে হবে? দীপ্তিদি বলল, "কিছুতেই পূজো বন্ধ হবে না। কল্যাণ পূজো করবে।" ভোরবেলা রাস্তগীদা আমায় বিবেকানন্দ ফ্ল্যাট থেকে স্কুটার করে তুলে নিয়ে গেল নেহেরু পার্কে, রাস্তগীদার বাড়ীতে। পূজো হল।

এইভাবেই শুরু হয়েছিল আমাদের সরস্বতী পূজো। এরপর বছর বছর পূজো চলতে থাকল। শুধু venue পাল্টানো হত, সুবিধা মত কারো বাড়ীতে বা হল এ। তখন ডেকোরেশন, রান্না, পূজো সব নিজেরাই করতাম। আগের রাত থেকেই পায়েস তৈরী শুরু হয়ে যেত। ভোর পাঁচটায় কেউ গিয়ে ফুল বাজার থেকে ফুল আনত। রান্নায় অনেকে সিদ্ধহস্ত হয়ে গেল। কেউ পায়েসে, কেউ খিচুড়িতে, কেউ চাটনিতে। আর অনেকেই সিদ্ধহস্ত ছিল খেতে। কিছুই পড়ে থাকত না।

আর, কত বাচ্চার যে হাতেখড়ি হল তার হিসেব নেই। যাদের হাতেখড়ি হয়েছিল, তারাই এখন বাবা মা হয়ে গেছে। তাদের ছেলেমেয়েদের এখন হাতেখড়ির বয়স হল।

অনেক দিন হল, পুরোন ঘটনা সব মনে পরে না, এখন সব মুখ মনে থাকে না, অনেক নাম হারিয়ে গেছে। সকলেরই বোধ হয় তাই হয়। একজন আমার বিয়ের সময় বলেছিল "কল্যাণ, তুমি হলে আমার ভাইটি, তোমায় ভাইটি বলে ডাকব"। কবে জানি না আমার সেই নামটা হারিয়ে গেছে। এখন সে আমাকে কল্যাণ বলে ডাকে।

সবাই বলল হারিয়ে যাবার আগে যা মনে আছে লিখে ফেল। তাই লিখলাম। অনেকটাই নিজের কথা। তা কি করব, সরস্বতী পূজো আমার জীবনের সঙ্গে গভীরভাবে জড়িয়ে আছে। সে এক অন্য গল্প।

গল্পকে স্বল্প করতে গিয়ে অনেকের অবদান অনুক্ত রয়ে গেল। যাদের নাম করলাম তারা অনেকেই চলে গেছে আমেদাবাদ ছেড়ে, সবাইকে ছেড়ে। তবে এটুকু বলতে পারি ঘটনাগুলো এইরকমই ঘটেছিল, জীবনটা এইরকমই ছিল।

SAC-PRL এর প্রাক্ সরস্বতী পূজোর পিকনিক, থল্‌তেজ টেকরা, দূরদর্শন টি ভি টাওয়ারের পাশের আমবাগানে, 1973

তা সেই 1971 সালে শুরু হওয়া SAC-PRL এর সরস্বতীপূজো এখনও পর্যন্ত কোনও বছর বন্ধ হয়নি। এমনকি 1974 এ নবনির্মান আন্দোলনের সময় কারফিউ এর মধ্যেও এই পূজো বন্ধ হয়নি। হবেও না। সরস্বতী পূজো কেন্দ্র করে SAC-PRL এ বাঙালি সংস্কৃতির যে অংকুর মাথা তুলেছিল, মা সরস্বতীর নতুন বরপুত্র বরপুত্রীরা তাকে আজ মহীরুহে পরিণত করতে চলেছে দেখে আমরা সবাই গর্বিত।

****

গোল্লাবালিশ ও অঙ্ক স্যার

তীর্থপ্রতিম দাশ

****

প্রথম পর্ব

****

ঠিক দুপুরবেলা গ্রামের মিষ্টির দোকানের সামনে এসে দাঁড়ালো গোল্লাবালিশ। গোল্লাবালিশ একজন মার্জারসুন্দরী; গোল মুণ্ডু, খাড়া খাড়া কান, গোলাপী নাক, আর লোমশ সাদা - সোনালী রঙ মেশানো শরীর। দেখেই বোঝা যায় যে গোল্লাবালিশ নাম সে নিজের যোগ্যতায় অর্জন করেছে। সে ভরদুপুরে মিষ্টির দোকানের সামনে এসে দাঁড়াতেই ময়রা জিজ্ঞাসা করল, "কী চাই?" "দেখতে এলাম, তুমি ঠিকঠাক আছো কিনা।" উত্তর দিল গোল্লাবালিশ।

গোল্লাবালিশ কারণ ছাড়া কিছু করার পাত্রী নয়, গ্রামে খুব একটা সুনামের অধিকারিনী ও সে নয়, তার ব্যাপারে গ্রামের গৃহস্থরা একটু সতর্ক হয়েই চলে। ময়রা একটু সন্দেহের চোখে তাকিয়ে রইল। "এইটা কী?" কাচের বাক্সের একদিকে থাবা তুলে দেখিয়ে জিজ্ঞাসা করল গোল্লাবালিশ। "ওগুলো রসগোল্লা।" সংক্ষেপে কথা সারলো ময়রা। "দেখে তো মনে হচ্ছে না!" নিজের সুচিন্তিত মতামত জানালো গোল্লাবালিশ। "তবে কী মনে হচ্ছে!" ময়রা অবাক হয়ে জিজ্ঞাসা করল। কয়েকবার জিনিসগুলো মন দিয়ে দেখেশুনে গোল্লাবালিশ বলল, "মনে হচ্ছে ক্ষীরকদম্ব।" "ওটা ক্ষীরকদম্ব হতে যাবে কেন? ওটা তো রসগোল্লা"। ময়রা বলল। "না! ওটা ক্ষীরকদম্ব। তুমি রসগোল্লা বলে লোকজনকে বোকা বানিয়ে ক্ষীরকদম্ব বিক্রি করছ বুঝি? কেউ কিছু বলে না বলে, তাই না? দাঁড়াও, আমি সবাইকে বলে দিচ্ছি.... বলে দিলাম কিন্তু.... এই চল্লাম বলে দিতে..." বলে গোল্লাবালিশ মোটা লেজটি নিশানের মত তুলে দোকান থেকে বেরিয়ে যাবার উপক্রম করল। ময়রা দেখলো, দারুণ বিপদ। মিথ্যে কথা রটিয়ে দিলে দোকানের বিক্রি বন্ধ হয়ে যাবে। গোল্লাবালিশ এই কাজ অনায়াসে করতে পারে। সমরিয়া হয়ে বলল, "তুমি নিজে খেয়ে দেখো এগুলো রসগোল্লা কিনা..." এইবার কাজ হল। গোল্লাবালিশ দোকান থেকে বেরোতে গিয়েও থেমে গেল। গোল মুণ্ডুটা ঘুরিয়ে তাকালো গোল্লাবালিশ। তারপর বলল, "দেবে? দাও তাহলে দুটো। আমার যদিও পেট ভর্তি|" ময়রা দোকানের মধ্যেই একটা জায়গা করে তাকে একটা শালপাতার বাটিতে করে দুটো রসগোল্লা দিল। একেকটা ওর মুণ্ডুর হাফ সাইজের। দুই মিনিটের মধ্যেই সেদুটি সাবাড় করলো গোল্লাবালিশ। "এবার বিশ্বাস হল তো, এগুলো ক্ষীরকদম্ব নয়, রসগোল্লা?" ময়রা বলল। একটু ঢেঁকুর তুলে গোল্লাবালিশ বলল, "ঠিক বুঝলাম

না। আরো দুটো দাও।” দেওয়া হল তাকে। আরো দুটো। দুই মিনিটে সেগুলিও সাবাড়। “এবার বুঝেছো তো?” ময়রা প্রশ্ন করল। “কি করে বুঝবো? দুটো ক্ষীরকদম্ব দাও। খেয়ে দেখি। তবে তো বুঝবো।” গোল্লাবালিশ চোখ পিটপিট করে বলল। ময়রার রোখ চেপে গেছে। সে বাটি করে দুটো ক্ষীরকদম্ব দিল। ঠিক দুমিনিটের মধ্যে সেদুটিকেও সাবাড় করে আরো একটা ঢেঁকুর তুললো গোল্লাবালিশ। ময়রা চেয়ে রইল ওর দিকে।” কিছু বলবে নাকি? বলেই ফেল।” বলল গোল্লাবালিশ। “এবার বুঝেছো?” “সবই তো একইরকম লাগলো। তো এক কাজ করো। একটা বাটি করে একটা ক্ষীরকদম্ব আর একটা রসগোল্লা দাও। দুটোই একটু একটু করে খেয়ে বলি কোন তফাৎ আছে কি না।” দেওয়া হল। একটা বাটি করে একটা ক্ষীরকদম্ব আর একটা রসগোল্লা। বেশ আরামের সঙ্গে চোখ বুজে খেতে লাগলো গোল্লাবালিশ। একবার এটায় কামড় বসায় তো পরের বার ওটায়। তিন মিনিটে দুটোই শেষ। “এবার তো বুঝলে?” ময়রা প্রশ্ন করল। “এই রে, আমাকে বলবে তো কোনটা কী ছিল? ডান দিকের টা রসগোল্লা ছিল নাকি বাঁ দিকের টা?” আবার দেওয়া হল। একটা ক্ষীরকদম্ব আর একটা রসগোল্লা। এবার বলে দিল ময়রা। বাঁ দিকে যেটা, সেটা ক্ষীরকদম্ব। ডানদিকে যেটা, সেটা রসগোল্লা। গোল্লাবালিশ বলল, “শান্তিমত খেতে দাও তো বাপু, অত করে বারবার বলতে হবে না।”ময়রা ভয়ে চুপ করে গেল। গোল্লাবালিশ চেটেপুটে সেগুলোকেও সাবাড় করল। ময়রা জিজ্ঞাসা করল, “এবার?” গোল্লাবালিশ একটা বড়সড় হাই তুলে বলল, “একটু শুয়ে শুয়ে ভাবতে হবে। ভেবে টেবে বলব খন। একটু বিছানা করে দাও তো।”করে দেওয়া হল। বিছানা। মোটা করে চাদর বিছিয়ে গদি দিয়ে নরম করে ময়রাকে দিয়ে একটা বিছানা করিয়ে নিল গোল্লাবালিশ। “এটা ওদিকে টান... ওটা আরেকটু নরম করে দাও...” ইত্যাদি বলে টলে বেশ একটা নরম বিছানা বাগিয়ে নিল সে। তারপর পেটটা উঁচু করে, দুটো হাতপা উপর দিকে করে চোখ বুজলো গোল্লাবালিশ। কয়েক সেকেন্ডের মধ্যেই আবার এক চোখ খুলে তাকালো, “কী হল, পেটে সুড়সুড়ি দাও। নয়তো ভাববো কি করে!”

ধমক খেয়ে ময়রা তাড়াতাড়ি তার পেটে সুড়সুড়ি দিতে লাগলো। আরামে চোখ বুজে এলো গোল্লাবালিশের। একটু পরেই সে নাক ডাকতে লাগলো।

এইভাবে সন্ধ্যে গড়িয়ে রাত হল। গোল্লাবালিশ তখনও ঘুমিয়ে। বেশ আরামেই ঘুমোচ্ছে। ময়রাও ভুলে গিয়েছিল তার কথা। সে দোকান টোকান বন্ধ করে চলে গেল। গোল্লাবালিশ রয়ে গেল দোকানের মধ্যে।গোল্লাবালিশ কিন্তু চোখ অর্ধেকটা খুলে দেখছিল। ময়রাকে সে দোকান বন্ধ করে চলে যেতে দেখেছে। ময়রা দোকান বন্ধ করে চলে যেতেই সে উঠে খুব এক চোট নেচে নিল। তারপর বুঝলো, খিদেও পেয়েছে। অতটুকু খাবার আবার পেটে থাকে নাকি! ঘুমের মধ্যেও কত্ত ছোটাছুটি করতে হয়েছে তার হিসেব কে রাখে! সে একবার দোকানের মধ্যে রাখা কাচের বাক্সের জিনিসগুলো ভালো করে দেখলো। রসগোল্লা আর ক্ষীরকদম্ব তো চাখা হয়েই গিয়েছে, এরপর নজর গেল অন্যগুলোর দিকে। এক ঘণ্টার মধ্যে দশটা কালোজাম, দশটা লেডিকেনি, পাঁচটা সিঙ্গারা, পাঁচটা কচুরি, তার সঙ্গে আলুর দম, শেষ। তারপর হাই তুলতে তুলতে আবার ঘুম। ভোরবেলা উঠে আবার গুজিয়া সেবন.... তারপর পান্তুয়া গোটা পনের। কচুরি কয়েকটা বেঁচে ছিল, সেগুলোকেও সাবাড় করা গেল। তারপর আবার ঘুম।

****

দ্বিতীয় পর্ব

****

পরদিন সকালে ময়রা আর ময়রার দাদা এসে দোকানের ঝাঁপ খুললো। ময়রার দাদার চোখ পড়ল কাঁচের বাক্সগুলোর দিকে। “বাঃ। কাল তো অনেক মিষ্টি বিক্রি হয়েছে দেখছি! বাক্সগুলো তো সব প্রায় ফাঁকা!” ময়রার দাদা বেশ উচ্ছ্বাসের সঙ্গেই বলল।

গোল্লাবালিশ এতক্ষণ একটা বেঞ্চের পায়ার পিছনে লুকিয়ে ওদের কথাবার্তা শুনছিল; এখন কেউ না দেখে মত সুরুৎ করে দোকান থেকে

পালিয়ে গেল। ময়রা বা তার দাদা, কেউই তাকে দেখতে পেলো না।
ময়রা নিজেও অবাক হয়ে হাঁ করে কাঁচের বাক্সগুলো দেখছে। এত মিষ্টি, সিঙ্গারা, কচুরি যে সত্যিই বিক্রি হয়নি সেটা তার থেকে বেশি আর কেউ জানে না। বিড়ালটা তো কেবল কয়েকটা ক্ষীরকদম্ব আর রসগোল্লা খেয়েছে; কিন্তু এত মিষ্টি, কচুরি, সিঙ্গারা, আলুর দম, সব গেলো কোথায়? সেও বোকার মত চেয়ে রইল।
ময়রার দাদা ক্যাশবাক্স খুলে চিৎকার করে বলে উঠলো, "কই, টাকা তো বেশী নেই! তাহলে বিক্রির টাকা কোথায় গেল?" বলে ছোট ভাইয়ের দিকে সন্দেহের দৃষ্টিতে তাকাতে লাগলো। "নিজে খেয়েছিস না, সত্যি করে বল।" ছোট ভাইয়ের মিষ্টান্ন প্রিয়তার কথা স্মরণ করেই সে নিশ্চিন্ত হতে পারল না।
"না না দাদা, আমি খাইনি, সত্যি বলছি, নিশ্চই চুরি হয়েছে। চোর এসেছিল নিশ্চই।" দাদাকে বোঝাবার চেষ্টা করে ছোটভাই।
"হুম! চোর এলে টাকা পয়সার দিকে না তাকিয়ে মিষ্টি, সিঙ্গারা, এসব খেয়ে নিল!" দাদা আবার সন্দেহের চোখে তাকায়।
"বেশ দাদা, তুমি থানায় চল। আমরা নালিশ করি।" মরিয়া হয়ে বলে ওঠে ছোট ভাই।
এবার আর সন্দেহের কোনো কারণ থাকে না দাদার। সে বলে, "চল যাই।"

****

তৃতীয় পর্ব

****

দুই ভাই আবার দোকান বন্ধ করে থানায় গেল। যশোবন্ত দারোগা সকাল সকাল একটা এক ইঞ্চি মোটা ওমলেট, পাঁচখানি টোস্ট, আর এক কাঁদি কলার সদ্ব্যবহার করছিলেন, অসময়ে ওদের দেখে একটু বিরক্তই হলেন। ভারী গলায় বললেন, "কী চাই?"
ময়রার দাদা ভয় পেয়ে ছোট ভাইকে ঠেলা দিয়ে বলল, "তুই বল।"
ছোট ভাই বলল, "বা রে! তুমিই তো বলেছ বড়দের সামনে মুখ খুলতে নেই। তুমিই বল।"
রক্তনেত্রে একবার ছোট ভাইয়ের দিকে তাকিয়ে দাদা বলল, "চুরি হয়ে গিয়েছে।"
চুরি কথাটা শুনে যশোবন্ত দারোগা একটু নড়েচড়ে বসলেন। ভারী গলা শোনা গেলো, "কত টাকা? নাকি গয়না? সোনা, রুপো, নাকি হীরে?"
"না না ওসব আমরা কোথায় পাবো? আমরা গরিব মানুষ।" দাদা বলল।
"তাহলে? গরু, না ছাগল?"
এবার একটু মনক্ষুন্নই হল দাদা। তাকে দেখে কি গরু বা ছাগল বলে মনে হচ্ছে? মুখে বলল, "না না, দিব্যি মানুষ।"
"মানুষ চুরি হয়েছে?" এবার উৎসাহ পেলেন যশোবন্ত দারোগা, "দাঁড়ান, পল্টন ভালো ছবি আঁকে। এই পল্টন, ইধার আও!"
কনস্টেবল পল্টন সিং সুযোগ পেয়ে থানার ভিতরের ঘরে দাঁড়িয়ে দাঁড়িয়ে মুখে একটা আস্ত ডিমসেদ্ধ পুরে দিয়েছিল, এখন হন্তদন্ত হয়ে ছুটে এসে খুট করে একটা বড়সড় স্যালুট করল।
"পেন পেন্সিল খাতা লাও। অপহরণ কা কেস হ্যায়। একঠো ছবি বানানা হ্যায়।"
পল্টন ওই ডিম সেদ্ধ প্রাণপণে গিলতে গিলতে পেন পেন্সিল ইরেজার আর খাতা নিয়ে এলো।
"ইয়ে তুমকো হারানো আদমির পুঙ্খানুপঙ্খ বর্ণনা করেগা, ঔর তুম ছবি আঁকেগা। বুঝা হ্যায়?" যশোবন্ত দারোগা নিশ্চিত হয়ে নিতে চাইলেন।
"জী সাব।" পল্টন বলল। সে বুঝেছে।
ময়রা বুঝলো কেস অন্যদিকে ঘুরছে। সে দাদার অনুমতির তোয়াক্কা না করেই বলল, "স্যার। মানুষ চুরি হয়নি। আমাদের দোকানে চুরি হয়েছে।" কি চুরি হয়েছে সেটা আর বলল না; বললে যদি পুলিশ কেস না নেয়!
এবার একটু দমে গেলেন যশোবন্ত দারোগা। পল্টন তখন প্রাণপণে ডিমটা গিলবার চেষ্টা করছে। রক্তচক্ষু করে দারোগা তাকালেন ময়রার দিকে। তারপর কী ভেবে বললেন, "তাতে কী হয়েছে? চোর কেমন দেখতে ছিল সেটাই বল। পল্টন, ধ্যান সে শুনো।"
ময়রার দাদা বলতে গিয়েছিল যে চোরকে যদি দেখতেই পাবো তাহলে আর কষ্ট করে থানায় আসবো কেন, সেখানেই প্রহারেন ধনঞ্জয় করে

দেবো তো... কিন্তু ভাইয়ের মুখের দিকে চেয়ে চুপ করে গেল। মাঝে মধ্যে বোকা ভাইটাকেও কেমন যেন চালাক বলে মনে হয় তার।

"আমি বলছি স্যার" বলে বর্ণনা শুরু করল ময়রা, তার মুখে ফুটে উঠেছে অতগুলো ক্ষীরকদম্ব আর রসগোল্লা ধ্বংস করার প্রতিশোধ স্পৃহা।

ওদিকে পল্টন ডিম সেদ্ধটাকে পুরো গিলে ফেলতে পেরে জোরে জোরে শ্বাস নিচ্ছে। তার খাড়া খাড়া কান ময়রার দিকে। হাতে পেন্সিল।

ময়রা বর্ণনা করে গেল, "গোল মুণ্ডু, খাড়া খাড়া কান, খয়েরী রঙের চোখ, দুদিকে ছড়িয়ে থাকা খোঁচা খোঁচা গোঁফ, সারা গায়ে লোম...." ওদিকে খসখস করে আঁকতে লাগলো পল্টন।

"হয়েছে? এবার যাও। পল্টনের ছবি আঁকা শেষ। ওই ছবি এখনই আমি কপি করিয়ে জায়গায় জায়গায় সেটে দেবার ব্যবস্থা করছি। সঙ্গে থাকবে পাঁচশো টাকা পুরস্কার। যে সন্ধান দেবে সে পাঁচশো টাকা নগদ পাবে।" দারোগা বললেন। লোক দুটোকে বিদায় করতে পারলে তিনি খুশী।

দাদা আর ভাই বেরিয়ে এলো থানা থেকে। দাদা বলল, "তুই কি সত্যি সত্যি চোরকে দেখেছিলি নাকি? আমায় বলিসনি তো?"

"হু হু ... তোমারই তো ছোট ভাই। এইটুকু পারবো না?" একটু আত্মপ্রসাদের হাসি হাসে ময়রা।

"সেসব ঠিক আছে", একটু চিন্তিতই দেখায় দাদাকে, "কিন্তু আমরা থানায় ওর নামে কমপ্লেন করেছি জানলে চোরটা যদি রাত বিরেতে দলবল নিয়ে আসে?"

"চিন্তা করো না দাদা। আমাদের দোকানে আর চুরি হবে না, দেখে নিও।" দাদাকে আশ্বাস দিল ভাই। ভাইয়ের আশ্বাসবাণী তে দাদা কতটা আশান্বিত হল সেটা যদিও বোঝা গেল না।

সেদিন দুপুরে দোকানে বসে দাদা উশ খুশ করতে লাগল। ভাই জিজ্ঞাসা করল, "কী হয়েছে, দাদা? পেট কামড়াচ্ছে?"

"না রে" দাদা বলল, "পল্টুর আজ অংক পরীক্ষা। অংকে খুবই কাঁচা কিনা, তাই সকালে খুবই কান্নাকাটি করছিল। আমিও বলেছি, এবার অংকে ফেল করলে পিঠে যাদব চক্রবর্তীর বইটাই আস্ত ভাঙবো।"

"তোমার চিন্তা হলে ঘুরে এসো না, দাদা, আমি দোকানে আছি।" অনুগত ভাই দাদাকে আশ্বস্ত করে বলল।

"না রে, চল আজ তাড়াতাড়ি দোকান বন্ধ করে দুজনেই বাড়ী চলে যাই। ছেলেটা নির্ঘাত ফেল করেছে, বুঝলি?"

সেইমত দুই ভাই বিকেল বিকেল দোকান বন্ধ করে বাড়ী ফিরলো।

বাড়ী ফিরে চমকে গেলো ওরা। দেখলো, বাড়িতে উৎসবের মেজাজ।পল্টু, অর্থাৎ দাদার এগারো বছরের ছেলেটা লাফিয়ে লাফিয়ে খেলছে উঠোনে, আর একটা ছাগলকে দুইয়ের নামতা শেখাচ্ছে। ভয়ের, আশঙ্কার, অবসাদের, উৎকন্ঠার, উদ্বেগের, বা ওই জাতীয় কোন অনুভূতিরর চিহ্নমাত্র নেই।

পল্টুর মা খুশিতে ডগমগ হয়ে ছুটে এলো। বলল, "ওগো, তোমার ছেলে আজ নিজে টাকা উপার্জন করেছে গো! সেই টাকায় আজ পাঁঠার মাংস আনিয়েছি। পাঁচশো টাকা পেয়েছে, পাঁচশো টাকা!"

চমকে উঠলো দাদা। জিজ্ঞাসা করল, "সেকি! ওকে পাঁচশো টাকা কে দেবে! ওর না আজ অংক পরীক্ষা ছিল? ফেল করেনি?"

"সেকি! আমার সোনা ছেলে .... সে ফেল করতে যাবে কেন, কোন দুঃখে! পল্টু বাবা, তুই ই বল কী হয়েছিল।"

পল্টু তার ছাগল কে অংকের পাঠ দেওয়া থেকে বিরতি নিয়ে বলল, "ফেল করিনি বাবা। অংকে পরীক্ষাটাই তো হয়নি।"

"সে কি, কেন রে?" সন্দিগ্ধ কণ্ঠ শোনা যায়।

"হবে কী করে? অংকে স্যারকে তো পুলিশ ধরে নিয়ে গেছে। স্যার কিছুতেই যেতে চাইছিল না, পুলিশ চ্যাংদোলা করে নিয়ে গেল।"

"সে কী রে! আর তুইই বা টাকা পেলি কোথায়?"

"বা রে, আমিই তো স্কুলের পথে যেতে রাস্তার ধারে দেওয়ালে আটকানো পোস্টারে অংক স্যারের মুখের স্কেচ দেখলাম। নিচে লেখা ছিল: 'ভয়ংকর আসামী পলাতক; সন্ধান দিতে

পারিলে পাঁচ শত টাকা পুরষ্কার।' আমি তো একবার দেখেই চিনেছি, তখন সঙ্গে সঙ্গে এক ছুটে থানায় গিয়ে পুলিশকে বলি যে ছবির ওই লোকটা এখন আমাদের স্কুলে ক্লাসে বসে আছে, একটু পরেই অংক পরীক্ষা নেবে। পুলিশ তখন আমার সঙ্গেই স্কুলে এসে অংক স্যারকে জোর করে তুলে নিয়ে গেল। আর আমাকে পাঁচ শো টাকা পুরস্কার দিল। পুলিশ কী ভালো না, বাবা?"

****

দুগ্গা পাঁচালি

বনবীথি কোলে শেঠ

সরস্বতীঃ এবার পুজোয় শাড়ির বদলে ফ্রক পড়লে কেমন হয়?

লক্ষ্মীঃ আমি তাহলে সালোয়ার-কামিজ পড়ব। সেই একই রকম শাড়ি পড়তে আর ভালো লাগেনা।

গণেশঃ শাড়ি তো তাও ঠিকআছে, এখনও অনেকে পড়ে। কিন্তু, পুরোহিত ছাড়া তো আর কাউকে দেখিনা ধুতি পড়তে।

কার্ত্তিকঃ হ্যাঁ, ধুতি পড়ার ঝক্কি অনেক। সব সময় ভয়ে ভয়ে থাকতে হয়, এই বুঝি কাছা খুলে পায়ে জড়িয়ে গেল। তবু, প্যান্ট ছেড়ে কেন যে আমরা পড়ি !

লক্ষ্মীঃ তোদের ধুতির বদলে জিন্স্ পড়ার আবদার মা হয় তো মেনে নেবে – দেখ্ চেষ্টা করে।

সরস্বতীঃ তবে, আমাদের সে ছাড় মিলবে বলে মনে হয়না - পরম্পরা ধরে রাখার গুরুদায়িত্ব আমাদের ঘাড়ে এসেই পড়বে!

দুর্গাঃ অনেকক্ষন ধরেই কানে আসছে! আলোচনা তে ক্ষতি নেই; তবে, যে যেমন পোশাক পড়ে যাস্ তেমনি যাবি, অন্যথা হয়না যেন।

সবাইঃ মা, তোমার কি ইচ্ছা করেনা একবার অন্য কিছু পড়ে যাই?

দুর্গাঃ আমাকে পুজো উপলক্ষে সবাই ভালোবেসে শাড়ি ই দেয়; সে গুলোই পড়ি – ভালো লাগে। তবে মাঝে মধ্যে মনে হয়না তা নয়। বিশেষ করে নবমীর রাতে সবাই কে যখন দেখি বাহারি পোশাকে – তখন মনে যে একে বারে হয়না, তা বলবনা।

(এমন সময় অসুর পাশ দিয়ে যাচ্ছিল। একটু থমকে কি যেন ভাবল, তারপর গুটি গুটি পায়ে ভিতরে প্রবেশ করলোঃ)

গণেশঃ অসুরকাকু কেমন আছো? লাড্ডু খাবে নাকি?

অসুরঃ আর রসিকতা করো না ভাই পো। পুজো আসছে, আমাকে তো ৬-প্যাক বানাতে হবে! তোমাদের তো আর সে প্রদর্শন নেই। কি করে বুঝবে? কত কি খাবার! এমন কি আমার নামে আলাদা নৈবেদ্য! তবুও, মন ভরে খেতে পাই না!

গণেশঃ কাকু, দুঃখ করোনা। আমিও পুজোরই প্রস্তুতি নিচ্ছি। এই হাঁড়ি ভর্তি লাড্ডু, সব কটা শেষ করতে হবে এখন! কচি কাঁচারা এসে প্রথমে আমাকে ই তো

দেখবে আর বলবে - "ঐ দেখো, গণেশ মামা, পেট্‌টিধামা"।

দুর্গাঃ কি রে অসুর, কিছু বলবি?

(আমতা আমতা করে অসুর বলতে লাগলোঃ)

অসুরঃ বলছিলাম, অস্ত্রে একটু পরিবর্তন আনলে হয়না? আমি যদি অস্ত্র হিসাবে একটা ল্যাপ্‌টপ হাতে নিয়ে মর্ত্যে যাই – মন্দ হবে? মানে, অসুর তো মর্ত্যে এখন না না রূপে বিরাজমান – হাইটেক অসুর এর সংখ্যা নেহাত কম নয়! প্রতি বার একই রকম ভাবে যাই, তাই ভাবছিলাম যদি এবার অন্য রূপে যাওয়া যেত! আপনাকে তো মর্ত্যে সবাই খুব মান্য করে। তা যদি একবার ওদের বুঝিয়ে বলেন!

দুর্গাঃ তোদের কি হয়েছে সব বল ত? শোন্‌, পুজোর চারদিন সবাই ঠাকুর তলায় আসে, হয় ছোট বেলাকে খুঁজতে, না হয় ছোটবেলা গড়তে। আমাদের ঐতিহ্যের মধ্যেই ওরা নিজেদের নাড়ির টান অনুভব করে। যেখানে ভালোবাসা অফুরান্‌, সেখানে বছরের চারদিন একটু কষ্ট করে প্রথাগত রীতি মেনে চলা ই যায়।

সবাইঃ বাংলা'য় না হোক, প্রবাসে তো কিছুটা আলাদা করাযায় – না কি?

দুর্গাঃ প্রবাসীরা তো আরও কাঙাল! দেখিসনা, কোথাও কোথাও নিয়ম মেনে যদিও বাচার দিন পুজো করতে না পারে, শত প্রতিকুলতার মাঝে ও সপ্তাহান্তে দু'দিন অন্তত আমার আরাধনা করবে ই; কোন খামতি রাখেনা – দেখে মন একেবারে ভরে যায়। তবে, মন খারাপ করিস না – ফিরে আসার সময় আমরা পছন্দ মত কেনাকাটা করে আনবো।

সবাইঃ কেনাকাটার তো সময় ই পাওয়া যায়না, যা ব্যস্ততা থাকে।

দুর্গাঃ তা ঠিক! তোরা অনেক করে বলিস্‌, ভাবছি এবার তাহলে অনলাইনে কেনা কাটা করে দেখবো।

সবাইঃ বাহ্‌! অতি উত্তম!

(এমন সময় একটা মস্ত বড় ব্যাগ হাতে শিব প্রবেশ করলোঃ)

শিবঃ এইদেখ্‌, সরোবর মার্কেট থেকে তোদের সব শাড়ি, ধুতি, পাঞ্জাবী কিনে আনলাম। আর তো ক'দিন বাদেই পুজো, তোড় জোড় শুরু কর্‌। (*দুর্গার দিকে তাকিয়েঃ*) আচ্ছা ভালো কথা, খবর পেলাম এবারে কয়েক জায়গায় নতুন করে তোমার আরাধনা শুরু হবে। তার মধ্যে ইসরো-কলোনী ও আছে। যদিও শুনলাম, আমিষের ব্যবস্থা করে উঠতে পারেনি ওখানে। কিন্তু, তোমার তো অনেক দিনের ইচ্ছা ইসরো-কলোনী তে যাবার।

দুর্গাঃ ও, তাই না কি? খুব ভাল কথা। নিশ্চয় যাব। প্রথম আয়োজনের উৎসাহ ও আবেগ দুটোই বড় স্বতন্ত্র – খুব ভালো লাগে আমার। তা ছাড়া, আজকাল কার দিনে গজ, নৌকা, ঘোড়া, দোলা – এসব এ যাতায়াত করা খুবই মুশকিল হচ্ছে; ওদের সাথে কথা বলে যদিএকটা 'কৈলাশ-যান' এর ব্যবস্থা করা যায়, তবে মন্দ হয়না!

সবাইঃ হু'রে – চলো পুজোর গন্ধ ছড়িয়ে সকলকে দুর্গো ৎসবে মাতিয়ে তুলি ...

